REG. NO. C. 858

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৪ঠা জ্যৈষ্ঠ বুধবার ১৩৩৪ ইংরাজী 18th May 1927. | ১ম সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## মুরারি বটি[কা]

—:০:—

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযু[ক্ত] ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী।
১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

## হিলিংবাম

গত ৩১ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এস, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২।০
" " ছোট শিশি ১৷০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে বর্ষা পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল রক্তস্রাবী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কাজ করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

গুণে গন্ধে সৌরভসম্পদে

কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মুল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

### রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবহার করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটা পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১॥০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ॥৵০ দশ আনা। |

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৪ঠা জ্যৈষ্ঠ বুধবার ১৩৩৪ সাল।

## জঙ্গিপুর সংবাদের চতুর্দ্দশ বর্ষ।

—॰—

দুঃখ, দৈন্য, শোক রোগের আধার দরিদ্র-কুটীরে জন্মগ্রহণ করিয়া 'জঙ্গিপুর সংবাদ' আজ চতুর্দ্দশ বর্ষে পদার্পণ করিল। 'জঙ্গিপুর সংবাদে'র ভাগ্য ইহার পরিচালকের ভাগ্যের উপর নির্ভর করে। সুতরাং পদে পদে বহু ত্রুটি বিচ্যুতি হইয়াছে। সংবাদপত্র পরিচালনায় বুদ্ধি বিদ্যা অর্থ যে প্রকার আবশ্যক তাহা আমাদের কিছুই নাই। ভরসা পাঠক ও গ্রাহকবর্গের স্নেহ ও সহানুভূতি। আমরা তাহাতে বঞ্চিত না হইলেই আজন্মকাল এই লোকসানী ব্যবসায় চালাইতে কৃতসঙ্কল্প হইয়াছি। নববর্ষে আমরা সকলকে যথাযোগ্য সম্ভাষণ জানাইয়া কর্ম্মক্ষেত্রে অবতরণ করিলাম।

---

## ট্রেনে চুরি।

—॰—

রসোড়ার শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের পুত্র শ্রীযুক্ত ভোলানাথ মুখোপাধ্যায় বি, এ পীড়িত হইয়া বিগত ১৯শে বৈশাখ রাত্রিতে ব্যাণ্ডেল বারহারোয়া রেল লাইনে কলিকাতা হইতে খাগড়াঘাট রোড আসিতে-ছিলেন। তিনি যে কামরায় ছিলেন সে কামরার অপর সমস্ত আরোহী কাটোয়া ষ্টেশনে নামিয়া যায়। কাটোয়া হইতে তিনি একাকী আসিতে ছিলেন। সালার ষ্টেশনে তিনজন মুসলমান ঐ কামরায় উঠে এবং সালার ষ্টেশন হইতে ট্রেণ ছাড়িয়া দিবামাত্র তাহারা তাঁহাকে বলে তোমার নিকট কি আছে দাও। ভোলানাথ বাবু আপত্তি করিলে তাহারা ছোরা বাহির করিয়া বলে "টাকা না দিলে তোমায় খুন করিয়া ফেলিব।" তখন তিনি ভীত হইয়া তাঁহার মনিব্যাগটী ফেলিয়া দেন। ব্যাগে নোটে ও নগদে ৪৫৲ টাকা, দুইটী কাণের ক্ষুদ্র স্বর্ণালঙ্কার এবং তাঁহার টিকিট ছিল। বাজারসহু ষ্টেশনে ট্রেণ থামিবার অব্যবহিত পূর্ব্বেই অর্থাৎ ট্রেণের গতি মন্দীভূত হইবা-মাত্র দুর্ব্বৃত্তেরা ট্রেণ হইতে লক্ষপ্রদান করতঃ পলায়ন করে। পলাইবার সময় তাহারা ভোলানাথ বাবুকে বলে "তোমার নিকট টাকা ছিল তাই বাঁচিয়া গেলে, টাকা না পাইলে তোমাকে মারিয়া ফেলিতাম।" মুসলমান তিনজনকে তিনি ঐ অঞ্চলের বলিয়াই সন্দেহ করেন। রাত্রিতে ট্রেণের কামরায় একাকী থাকা যে বিপজ্জনক তাহাতে সন্দেহ নাই। কিন্তু কাটোয়ার পর গাড়ী প্রায় খালি হইয়া

যায়। এ অবস্থায় সতর্ক অবলম্বনেরই বা উপায় কি?

কান্দী-বান্ধব।

---

## সুভাষচন্দ্রের মুক্তি।

—॰—

বে-আইনী আইনে ধরিয়া রাখিয়া সরকার গত ১৬ই মে তারিখে বঙ্গের অকৃত্রিম কর্ম্মী দেশপ্রেমিক শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু মহাশয়কে মুক্তি দিলাম বলিয়া ঘোষণা করিয়াছেন। আমলাতন্ত্র তাঁহাকে সাংঘাতিক রোগগ্রস্ত জানিয়াও সাত সমুদ্দুর তের নদী পারে পাঠা-ইবার আকাঙ্ক্ষা প্রকাশ করিয়া তাঁহার মতামত জিজ্ঞাসা করায় যখন দেখিলেন সুভাষ মরিতে রাজি তবুও মাতৃভূমি ত্যাগ করিতে সম্মত নয়, তখন তাঁহার জীর্ণ-শীর্ণ-দেহখানিকে ছাড়িয়া দিলেন। ভগবান তাঁহাকে রোগমুক্ত করুন তবেই আমরা তাঁহার মুক্তি হইল বলিয়া স্বীকার করিব। তখনই বাংলা বুঝিবে যে তাহার সাধের মহামূল্য রত্ন ফিরিয়া পাইল।

## সতীত্ব রক্ষার জন্য জমিদারকে হত্যা।

—॰—

আলিপুরের অতিরিক্ত সেসন জজ মিঃ জেমসনের আদালতে মাতলার জমিদার প্রমথ নাথ রায়কে হত্যা করার অভিযোগে অভিযুক্তা কাননবালা ও তাহার দুইজন আত্মীয়ের বিচার শেষ হইয়া গিয়াছে।

মামলার বিবরণ এই যে, মাতলার জমিদার প্রমথনাথ রায় একজন চরিত্রহীন ও প্রতাপ-শালী ব্যক্তি। তাহার জন্য স্থানীয় স্ত্রীলোক-গণ সর্ব্বদাই উৎকণ্ঠিত থাকিত এবং সে অনেক বালিকার ধর্ম্মনাশ করিয়াছে কিছুদিন পূর্ব্বে সে কাননবালা নাম্নী এক অল্পবয়স্কা বিধবার উপর নজর দেয় এবং তাহার সতীত্ব নষ্ট করিবার জন্য উৎসুক হইয়া উঠে। এই উদ্দেশ্যে সে কাননবালাকে টাকা দিয়া রাজী করাইতে চায়। কাননবালা তাহাকে দুই দিন বাদে আসিতে বলে। ঘটনার দিন রাত্রিতে জমিদার-পুঙ্গব কাননবালার গৃহে অবৈধ মিলনের জন্য গমন করে। তখন আসামী ও তাহার আত্মীয় ঝড়ু, ধলু তাহাকে আক্রমণ করিয়া মারপিট করে এবং ফলে প্রমথনাথ প্রাণ হারায়।

বিচারে জুরিগণ সকলেই একবাক্যে আসামীগণকে নির্দ্দোষ বলেন এবং জজ তাহা-দিগকে মুক্তি দেন। উকিল হেমেন্দ্রনাথ দাশগুপ্ত আসামী পক্ষ সমর্থন করিয়াছিলেন।

---

## লোমহর্ষণ খুন।

—॰—

মাদারিপুর হইতে ৪ মাইল দূরবর্ত্তী টুভিয়া গ্রামে অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায় নামে একজন বিশিষ্ট ভদ্রলোক বাস করিতেন। প্রকাশ যে, একদিন সন্ধ্যার সময় ঝড়বৃষ্টি আরম্ভ হইলে একজন মুসলমান তাঁহার বৈঠকখানায় আশ্রয় নেয়, ঐ মুসলমানটি পূর্ব্বে বাড়ুয্যে মহাশয়ের বাড়ীতে চাকরীও করিত, ঝড়বৃষ্টি একটু থামিলে মুসলমানটি তাঁহাকে তাহার বাড়ী পৌঁছাইয়া দিতে অনুরোধ করে এবং বাড়ুয্যে মহাশয় একটী হ্যারিকেন হস্তে তাহাকে এগিয়ে দিবার জন্য অগ্রসর হয়েন। দীর্ঘ সময়ে তিনি বাড়ী না ফিরায় তাঁহার পরিবারস্থ মেয়েছেলেগণ উদ্বিগ্ন হইয়া উঠেন, এবং তাঁহার কন্যা তাঁহাকে উচ্চৈস্বরে ডাকিতে থাকে, কিন্তু কোন সাড়া না পাইয়া বাড়ীর নিকটস্থ এক ব্যক্তিকে তাঁহার সন্ধান করিতে বলে। সে লোকটি সন্ধানে বাহির হইয়া বাড়ীতে প্রত্যাবর্ত্তনের সময় পথিমধ্যে বাড়ুয্যে মহাশয়ের মৃতদেহ দেখিতে পায়। সে চীৎকার করিলে লোক-জন আসিয়া দেখে বাড়ুয্যে মহাশয়ের গলায় একখানা গামছা ও তাঁহার বসনাঞ্চল ফাঁসির আকারে জড়ান রহিয়াছে। বোধ হয় এই ফাঁসিতেই তাঁহার প্রাণবায়ু অন্তর্হিত হই-য়াছে। কে বা কাহারা তাঁহাকে খুন করি-য়াছে, এখনও সে সম্বন্ধে কোন স্থির সিদ্ধান্তে পৌঁছান যায় নাই। পুলিশ তদন্ত চলিতেছে।

"মাদারিপুর—বার্ত্তা।"

---

## রঘুনাথগঞ্জ খেয়াঘাট।

—॰—

জঙ্গিপুর মিউনিসিপালিটীর অধীনে রঘুনাথ-গঞ্জে একটী খেয়াঘাট আছে। পূর্ব্বে এই ঘাটের অপর পারে অর্থাৎ জঙ্গিপুরের পারে যাত্রীদিগের বিশ্রামের জন্য একখানি খড়ের চালাঘর থাকিত। কিন্তু গত কয়েক বৎসর হইতে উক্ত চালা ঘর আর দেখা যায় না। ইহার কারণ কি? বর্ত্তমান বর্ষেও উহা নির্ম্মাণ হইল না। এই প্রচণ্ড রৌদ্রে পারাপার করিতে হইলে নৌকার অপেক্ষায় কোন্ স্থানে লোকজন দাঁড়াবে। তা ছাড়া সামনে বর্ষা আসিতেছে। বৃষ্টির সময় যাত্রীগণ উহাতে আশ্রয় লইয়া বৃষ্টির হাত হইতে নিস্তার পাইতে পারে। উক্ত চালাঘর যাহাতে অচিরে নির্ম্মাণ হয় তজ্জন্য আমরা মিউনিসিপাল কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি।

---


## জঙ্গিপুর সংবাদের বর্ষ আবাহন।

—॰—

এস, এস, এস, নব বর্ষ।  
(মোদের) দুঃখ ঘুচায়ে,  
অশ্রু মুছায়ে  
বর্ষ, শান্তি বর্ষ।  
পল পল করি প্রহর চলিছে,  
প্রহরে প্রহরে দিন গো,  
দিন দিন করি, মাস চলে যায়  
নহে তো কারো অধীন গো,  
মাস মাস করি চলিছে বরষ,  
ছড়ায়ে দুঃখ হর্ষ।  
এস, এস, এস, নব বর্ষ।  
প্রতিবার আসে নূতন বছর  
প্রতিবার করি আবাহন,  
কাল চলে যায় নিজের খেয়ালে  
কারো জেঠা, খুড়ো, বাবা নন,  
তুমিও তেমনি আপন ভাবিয়া  
দিবেনাকো পরামর্শ।  
এস, এস, এস, নব বর্ষ।

হয়তো তোমার পরশ পাইয়া
বড় হবে ক্ষুদ্র,
তোমার পরশে মনের হরষে
দ্বিজ হবে কত শূদ্র,
কারে জাগাইবে, কারে ভাগাইবে
লাগাইবে সংঘর্ষ।
এস, এস, এস, নব বর্ষ।
কত নগণ্য, হইবে ধন্য
সাজিয়ে দেশের ন্যাতা গো,
রাজ-বেশ কারো খুলিয়া লইয়া
পরাইবে ছেঁড়া কঁ্যাথা গো,
অঘটন কত ঘটাইবে বুঝি
তোমার মোহন স্পর্শ।
এস, এস, এস, নব বর্ষ।
সঙ্গে আসিয়াছে ব্যাধি সম্প্রদায়—
তারা যে মোদের চেনা গো।
বছর বছর দেখা দিয়ে তারা
শোধ করে যায় দেনা গো।
কলেরা, বসন্ত, যক্ষ্মা, ম্যালেরিয়া
রক্ত আমাশয়, অর্শ।
এস, এস, এস, নব বর্ষ।
অজন্মা-রাক্ষসী সঙ্গে আছে কি?
তারো সনে আছে পরিচয়।
অনাহারে থাকা হ'য়েছে অভ্যাস,
দুর্ভিক্ষে নাহি করি ভয়।
যত দুঃখ পাব তত হ'য়ে যাব
বেহায়া, পাজি, দুর্দ্ধর্ষ।
এস, এস, এস, নব বর্ষ।
রাজ-রোষ হ'তে রাজ-দ্রোহ যদি
পড়ে আমাদের স্কন্ধে,
তবুও মোদের ফেলিতে বোধ হয়
পারিবে না নিরানন্দে,
নহিক ত্রস্ত, চির অভ্যস্ত
লভিতে সে উৎকর্ষ।
এস, এস, এস, নব বর্ষ।

---




---

## গর্ভনিবারণ চূর্ণ।

রুগ্না বা দরিদ্র রমণীগণ ইহা ব্যবহার করিয়া যতকাল আবশ্যক তাঁহাদের গর্ভসঞ্চার বন্ধ রাখিতে পারেন। ইহাতে জরায়ু বা ডিম্বকোষ (ওভেরী) চির দিনের মত নষ্ট করে না। ঔষধ বন্ধ করিলেই আবার গর্ভগ্রহণ শক্তি জন্মে। ইহাতে স্ত্রীলোকের স্বাস্থ্য বিন্দুমাত্রও নষ্ট হয় না, বরং যৌবন শোভা দীর্ঘস্থায়ী হয়। ব্যবস্থা পত্রে সকল গোপনীয় কথা লেখা থাকে। টিকিট দিলে পত্রের উত্তর দেওয়া হয়। দরিদ্র দেশে অবাধে ব্যবহারের নিমিত্ত এবং গুণ প্রচারার্থ আপাততঃ দীর্ঘকালের উপযোগী এক কৌটার মূল্য ডাঃ মাঃ সহ ।০ এক টাকা চারি আনা।

ঠিকানা—
মেসার্স বি, দে, এণ্ড সন্স।
পোঃ বারদী, জিলা ঢাকা।

---

## পণ্ডিত প্রেস।

এই প্রেসে জমিদারী সেরেস্তার চেক, দাখিলা, আরজী, ওকালতনামা, নিমন্ত্রণ পত্র, বিবাহের প্রীতি-উপহার, স্কুলের প্রশ্নপত্র, বেতন আদায়ের রসিদ, ট্রান্সফার সার্টিফিকেট, সেটেলমেণ্টের নানারকম ফরম প্রভৃতি যাতীয় ছাপার কাজ নূতন অক্ষরে সুলভে ও সত্বর হইয়া থাকে পরীক্ষা প্রার্থনীয়

কার্য্যাধ্যক্ষ পণ্ডিত প্রেস।
রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

---




## গঙ্গাধর অঞ্জনসার ও গঙ্গাধর বটিকা

ছানি ব্যতীত সকল প্রকার চক্ষুরোগের অব্যর্থ মহৌষধ।

বিগত ৮০ বৎসরেরও অধিক কাল আমাদিগের এই চক্ষুরোগের অমোঘ ঔষধ ব্যবহার করিয়া সহস্র সহস্র রোগী নানাপ্রকার চক্ষুরোগ হইতে সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন। এই ঔষধ দুইটির ক্রিয়া আশু ফলপ্রদ ও চিরস্থায়ী। ইহাতে কোন প্রকার চক্ষুর অনিষ্টকর পদার্থ নাই এবং ব্যবহারে কোন প্রকার কষ্ট নাই। ইহা বহু সুপ্রসিদ্ধ ও সুবিজ্ঞ ডাক্তার, হোমিওপ্যাথ, কবিরাজ এবং সম্ভ্রান্ত ভদ্রলোক পরীক্ষিত ও প্রসংশিত। পত্র লিখিলে বিস্তারিত বিজ্ঞাপন পাঠান হয়।

বিশেষ দ্রষ্টব্য :— রোগীদিগের ঔষধ প্রাপ্তির সুবিধার জন্য প্রতি জেলায়, মহকুমায় ও গ্রামে গ্রামে এজেন্টের আবশ্যক; পত্র লিখিলে এজেন্সীর নিয়মাবলী পাঠান হয়।

পোষ্ট চন্দননগর, (বেঙ্গল) শ্রীবিশ্বেশ্বর সরকার।

---

নানাবিধ দেশী ও বিলাতী
সব্জী বীজ মরশুমি ফুল ও
**কপী বীজ**
ইত্যাদির সচিত্র মূল্য তালিকার জন্য লিখুন সর্ব্বত্র এজেণ্ট আবশ্যক উচ্চহারে কমিসন দেওয়া হয়।
বঙ্কিম প্রসাদ ঘোষ এণ্ড কোং
পোঃ বালী, হাবড়া।

## প্রাকৃতিক নিয়ম ভঙ্গের ফল।

সকলেরই শরীর সুন্দর, হৃষ্টপুষ্ট ও সুকান্তি হইবার ইচ্ছা। স্বাভাবিক নিয়ম সকল জ্ঞাত থাকিলে সকলেই ঐ ইচ্ছা ফলবতী করিতে পারেন। স্বভাবের নিয়ম যতই অতিক্রম করা যায় ততই স্বাভাবিক দণ্ড আমাদিগকে ভোগ করিতে হয়। দণ্ড ভোগ না করিলে জীবনে কখনও কোন জিনিসের অভাব হয় না। এই সকল বিষয় অবগত হইবার জন্য বিনামূল্যে এক খানি গ্রন্থ পাওয়া যায়। ঐ গ্রন্থের নাম "কামশাস্ত্র"। আজই নাম, ধাম জ্ঞাপন করুন। প্রাপ্ত হইতে মাশুলও লাগিবে না। বিলম্বে নিরাশ হইবার সম্ভাবনা।

শরীরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কি করা কর্ত্তব্য? কর্ত্তব্য হচ্ছে শরীরের যাহা ক্ষয় হইয়াছে, তাহা পূরণ করিয়া পূর্ণ স্বাস্থ্য প্রাপ্ত হওয়া। ক্ষয় পূরণ করিতে "আতঙ্ক নিগ্রহ বটিকা" অসীম ক্ষমতা রাখে। পরীক্ষা করিলেই জানা যাইবে, উহার কি ক্ষমতা। প্রতি কৌটা ১৬ দিনের ব্যবহারের উপযোগী ১৲ টাকা।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্ত ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৴৹ এক টাকা পাঁচ আন।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা.

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, আরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দূর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

### কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৹ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বিনা অস্ত্রে আরোগ্য,




## অপেরীণ।

ডাক্তার বি, এন, রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে নাকো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন করে লোক কি যন্ত্রণা ভোগে।
প্রথম অবস্থাতে যদি করেন ব্যবহার,
একেবারে বসে যাবে পাকবে নাকো আর।
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হবে না আর ছুরী দিয়ে কেটে।
দামও মোটে একটী টাকা মাশুল আট আনা,
ফতেপুর, গার্ডেনরীচ ( কলিকাতা ঠিকানা )।
ডাক্তার বি, এন, রায় এই ঠিকানায় থাকে,
ঔষধ পাইতে হইলে পত্র লিখুন তাকে।

## দামোদর সুধা।

ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন ও পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ। মূল্য ৷৶৹ দশ আনা।

## স্পিরিট ক্যাম্ফর

ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶৹ ছয় আনা একত্রে ৩ শিশি ১৲

### ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।